রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, এপ্রিল ২৩, ২০০৫

বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

সাভার, ঢাকা।

প্রজ্ঞাপন

তারিখ, ৩ বৈশাখ ১৪১২/১৬ এপ্রিল ২০০৫

এস, আর,ও নং ৮৮/আইন/২০০৫।—Bangladesh Public Administration Training Centre Ordinance, 1984 (Ordinance No. XXVI of 1984) এর section 20 এ প্রদত্ত ক্ষমতাবলে Bangladesh Public Administration Training Centre এর Board of Governors, সরকারের পূর্বানুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা ঃ—

১। শিরোনাম ও প্রয়োগ।—(১) এই প্রবিধানমালা বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র কর্মচারী (অবসরভাতা ও অবসরজনিত সুবিধাদি) প্রবিধানমালা, ২০০৫ নামে অভিহিত হইবে।

(২) ইহা নিম্নলিখিত কর্মচারী ব্যতীত, কেন্দ্রের সকল কর্মচারীর ক্ষেত্রে প্রযোজ্য হইবে, যথা ঃ—

(ক) প্রেষণে নিয়োজিত কর্মচারী ;

(খ) সাবেক বিলুপ্তকৃত প্রতিষ্ঠানের স্থানান্তরিত কর্মচারী ;

(গ) সম্পূর্ণ অস্থায়ী, খন্ডকালীন, দৈনিক বা চুক্তিভিত্তিতে নিয়োজিত কর্মচারী ; এবং

(ঘ) এমন সকল কর্মচারী, যাহারা এই প্রবিধানমালা প্রবর্তনের অব্যবহিতপূর্বে অংশ প্রদায়ক ভবিষ্য তহবিলে চাঁদা প্রদানকারী ছিলেন এবং প্রবিধান ১১(১)(খ) এর বিধান অনুসারে এই বিধিমালার অধীন অবসরভাতা ও অবসরজনিত সুবিধাদি প্রাপ্তির ইচ্ছা প্রকাশ করেন নাই।

মূল্য ঃ টাকা ৪.০০

২। সংজ্ঞা।—বিষয় অথবা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই প্রবিধানমালার,—

(ক) "অধ্যাদেশ" অর্থ Bangladesh Public Administration Training Centre Ordinance, 1984 (Ordinance No. XXVI of 1984);

(খ) "অংশ প্রদায়ক ভবিষ্য তহবিল" অর্থ কর্মচারীগণের মাসিক বেতন হইতে প্রদত্ত নিয়মিত মাসিক চাঁদা, তদানুকূলে কেন্দ্র কর্তৃক প্রদত্ত নির্ধারিত চাঁদা এবং উভয় চাঁদার অর্থের সুদ সমন্বয়ে গঠিত অংশ প্রদায়ক ভবিষ্য তহবিল;

(গ) "উপযুক্ত কর্তৃপক্ষ" অর্থ এই প্রবিধানমালার উদ্দেশ্যপূরণকল্পে কোন নির্দিষ্ট কর্তব্য সম্পাদনের জন্য কেন্দ্র কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা;

(ঘ) "কর্মচারী" অর্থ প্রবিধান ১(২) এ বর্ণিত কর্মচারী ব্যতীত কেন্দ্রের সকল কর্মকর্তা/কর্মচারী;

(ঙ) "কেন্দ্র" অর্থ অধ্যাদেশের section 3 এর অধীন প্রতিষ্ঠিত Bangladesh Public Administration Training Centre;

(চ) "গণনাযোগ্য চাকুরী" অর্থ প্রবিধান ১৫এ বর্ণিত গণনাযোগ্য চাকুরী;

(ছ) "চাঁদা প্রদানকারী" অর্থ এই প্রবিধানমালা অনুসারে তহবিলে চাঁদা প্রদানকারী কোন কর্মচারী;

(জ) "ট্রাষ্টী বোর্ড" অর্থ প্রবিধান ৪ এর অধীন গঠিত বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র কর্মচারী অবসরভাতা তহবিল ট্রাষ্টী বোর্ড;

(ঝ) "তফসিল" অর্থ এই প্রবিধানমালার কোন তফসিল;

(ঞ) "তহবিল" অর্থ প্রবিধান ৩ এর অধীন গঠিত বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র অবসরভাতা ও অবসরজনিত সুবিধাদি তহবিল;

(ট) "পরিবার" অর্থ—

(অ) কর্মচারী পুরুষ হইলে, তাহার স্ত্রী বা স্ত্রীগণ ও তাহার সন্তান-সন্ততিগণ এবং তাহার মৃত পুত্রের বিধবা স্ত্রী বা স্ত্রীগণ ও সন্তান-সন্ততিগণ, অথবা উক্ত স্ত্রী বা সন্তান-সন্ততিগণের অবর্তমানে উক্ত কর্মচারীর বৈধ উত্তরাধিকারীগণ ঃ

তবে শর্ত থাকে যে, যদি কোন কর্মচারী প্রমাণ করেন যে, আদালতের আদেশ অনুসারে তিনি ও তাহার স্ত্রী আলাদাভাবে বসবাস করেন অথবা তাহার স্ত্রী প্রথাভিত্তিক আইন অনুসারে খোরপোষ লাভের অধিকার পাইয়াছেন, তাহা হইলে উক্ত স্ত্রীকে পরিবারভুক্ত করিবার জন্য উক্ত কর্মচারী কর্তৃক উপযুক্ত কর্তৃপক্ষের নিকট লিখিতভাবে ইচ্ছা প্রকাশ না করা পর্যন্ত, উক্ত স্ত্রী এই প্রবিধানমালার উদ্দেশ্য পূরণকল্পে পরিবারভুক্ত বলিয়া গণ্য হইবেন না; এবং

(আ) কর্মচারী মহিলা হইলে, তাহার স্বামী এবং সন্তান-সন্ততিগণ এবং তাহার মৃত পুত্রের বিধবা স্ত্রী বা স্ত্রীগণ ও সন্তান-সন্ততিগণ, অথবা উক্ত স্ত্রী বা সন্তান-সন্ততিগণের অবর্তমানে উক্ত কর্মচারীর বৈধ উত্তরাধিকারীগণ ঃ

তবে শর্ত থাকে যে, কোন মহিলা কর্মচারী তাহার স্বামীকে এই প্রবিধানমালার কোন সুবিধা পাইবার ব্যাপারে তাহার পরিবারভুক্ত না করিবার জন্য উপযুক্ত কর্তৃপক্ষের নিকট লিখিতভাবে ইচ্ছা প্রকাশ করিয়া থাকিলে, উহার বিপরীতে ইচ্ছা প্রকাশ না করা পর্যন্ত, উক্ত স্বামী উক্ত কর্মচারীর পরিবারভুক্ত বলিয়া গণ্য হইবেন না;

(ঠ) "সভাপতি" অর্থ ট্রাষ্টী বোর্ডের সভাপতি;

(ড) " সদস্য" অর্থ ট্রাষ্টী বোর্ডের কোন সদস্য।

৩। **তহবিল গঠন**।—এই প্রবিধানমালা কার্যকর হইবার পর নিম্নবর্ণিত উৎসসমূহ হইতে প্রাপ্ত অর্থ সমন্বয়ে বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র কর্মচারী অবসরভাতা তহবিল নামে একটি তহবিল গঠিত হইবে, যথা ঃ—

(ক) প্রবিধান ১১(৩) এর দফা (খ) ও (গ) এর অধীন জমাকৃত অর্থ;

(খ) প্রবিধান ১১(১) এর অধীন যে সকল কর্মচারী অবসরভাতা ও অবসরজনিত সুবিধা পাইবার ইচ্ছা প্রকাশ করেন সেই সকল কর্মচারী অনুরূপ ইচ্ছা প্রকাশ না করিলে তাহাদের অনুকূলে অংশ প্রদায়ক ভবিষ্য তহবিলে প্রতিমাসে কেন্দ্র যে অর্থ প্রদান করিত সেই অর্থ;

(গ) কেন্দ্রের সিদ্ধান্ত অনুসারে, সময় সময়, তহবিলে প্রদত্ত এককালীন মঞ্জুরী;

(ঘ) তহবিলের অর্থ বিনিয়োগ হইতে অর্জিত আয়; এবং

(ঙ) অন্যান্য উৎস হইতে প্রাপ্ত অর্থ।

৪। **ট্রাষ্টী বোর্ড**।—(১) তহবিলের ব্যবস্থাপনা, সংরক্ষণ ও বিনিয়োগের উদ্দেশ্যে কেন্দ্রের নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র কর্মচারী অবসরভাতা তহবিল ট্রাষ্টী বোর্ড নামে একটি ট্রাষ্টী বোর্ড থাকিবে, যথা ঃ—

(ক) কেন্দ্রের রেক্টর কর্তৃক মনোনীত পরিচালনা পরিষদের (Directing Staff) একজন সদস্য, যিনি ইহার সভাপতিও হইবেন;

(খ) কেন্দ্রের পরিচালক (প্রশাসন), পদাধিকারবলে;

(গ) কেন্দ্রের রেক্টর কর্তৃক মনোনীত কেন্দ্রের একজন পরিচালক;

(ঘ) কেন্দ্রের পরিচালক (এসটি এন্ড টিওটি), পদাধিকারবলে;

(ঙ) কেন্দ্রের উপ-পরিচালক (অর্থ), পদাধিকারবলে;

(চ) কেন্দ্রের সহকারী পরিচালক (অর্থ), পদাধিকারবলে, যিনি ইহার সদস্য-সচিবও হইবেন;

(ছ) কেন্দ্রের কর্মচারীগণের মধ্য হইতে রেক্টর কর্তৃক মনোনীত দুইজন প্রতিনিধি।

(২) ট্রাষ্টী বোর্ড উহার কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনকল্পে এক বা একাধিক সদস্য সমন্বয়ে এক বা একাধিক কমিটি গঠন করিতে পারিবে।

৫। **ট্রাষ্টী বোর্ডের ক্ষমতা ও কার্যাবলী।**—ট্রাষ্টী বোর্ডের ক্ষমতা ও কার্যাবলী হইবে নিম্নরূপ, যথা ঃ—

(ক) এই প্রবিধানমালার বিধান অনুসারে তহবিলের অর্থের যথাযথ ব্যবহার ও উহার রক্ষণাবেক্ষণ;

(খ) প্রয়োজনবোধে তহবিলের জন্য, কেন্দ্রের পূর্বানুমোদন সাপেক্ষে, ঋণ গ্রহণ;

(গ) প্রবিধান ৬ এর বিধান অনুযায়ী তহবিলের অর্থ বিনিয়োগ এবং এতদুদ্দেশ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;

(ঘ) তহবিলের আয় ও ব্যয়ের হিসাব রক্ষণাবেক্ষণের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ;

(ঙ) প্রতি আর্থিক বৎসর সমাপ্তির পরবর্তী মাসে তহবিলের আয়, ব্যয়, বিনিয়োগ ও অন্যান্য বিষয় সম্পর্কে কেন্দ্রের নিকট প্রতিবেদন উপস্থাপন;

(চ) উপরি-উক্ত কার্যাবলী সম্পাদনের উদ্দেশ্যে সকল আনুষঙ্গিক কার্যক্রম গ্রহণ।

৬। **তহবিলের অর্থ জমা, বিনিয়োগ ইত্যাদি।**—(১) ট্রাষ্টী বোর্ড, কেন্দ্রের বোর্ড অব গভর্ণর্স এর অনুমোদন সাপেক্ষে, তহবিলের অর্থ এইরূপ বিনিয়োগ করিবে যাহাতে উক্ত বিনিয়োগ হইতে সম্ভাব্য সর্বাপেক্ষা অধিক আয় হইতে পারে, এবং এতদুদ্দেশ্যে ট্রাষ্টী বোর্ড তহবিলের সম্পূর্ণ বা আংশিক অর্থ কোন রাষ্ট্রায়ত্ত ব্যাংকের স্থায়ী আমানতের বা সঞ্চয়ী হিসাবে রাখিতে বা কোন লাভজনক সরকারী সিকিউরিটিতে বিনিয়োগ করিতে পারিবে ঃ

তবে শর্ত থাকে যে, ট্রাষ্টী বোর্ড, কেন্দ্রের অনুমোদন সাপেক্ষে, প্রতিবৎসর এই প্রবিধানমালার অধীন প্রদেয় অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি পরিশোধের উদ্দেশ্যে সম্ভাব্য প্রয়োজনীয় অর্থ কোন রাষ্ট্রায়ত্ত ব্যাংকের একটি চলতি হিসাবে জমা রাখিতে পারিবে।

(২) সভাপতি ও সদ্য-সচিবের যুগ্ম স্বাক্ষরে তহবিলের ব্যাংক হিসাব পরিচালিত হইবে।

৭। **সদস্য-সচিব ও আয়ন-ব্যয়ন কর্মকর্তার কার্যাবলী।**—ট্রাষ্টী বোর্ডের সদস্য-সচিব নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করিবেন, যথা ঃ—

(ক) তহবিলের আয় ও ব্যয়ের হিসাব সংরক্ষণ;

(খ) এই প্রবিধানের অধীন প্রদেয় অবসরভাতা ও অন্যান্য সুবিধাদি উপযুক্ত কর্তৃপক্ষের আদেশ অনুসারে যথাশীঘ্র পরিশোধ;

(গ) কমিটির নির্দেশ, যদি থাকে, অনুসারে প্রবিধান ৬ এ উল্লিখিত আমানত, ব্যাংক হিসাব ও বিনিয়োগ পরিচালনা; এবং

(ঘ) প্রবিধান ২৯ এর অধীন কার্যাবলী সম্পাদন।

৮। **ট্রাষ্টী বোর্ডের সভা।**—(১) এই প্রবিধানমালার অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, ট্রাষ্টী বোর্ড উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(২) সভাপতি কর্তৃক নির্ধারিত স্থান ও সময়ে ট্রাষ্টী বোর্ডের সভা অনুষ্ঠিত হইবে ঃ

তবে শর্ত থাকে যে, প্রতি তিন মাসে ট্রাষ্টী বোর্ডের অন্ততঃ একটি সভা অনুষ্ঠিত হইবে।

(৩) সভাপতি ট্রাষ্টী বোর্ডের সকল সভায় সভাপতিত্ব করিবেন এবং তাঁহার অনুপস্থিতিতে উপস্থিত সদস্যগণ কর্তৃক তাহাদের মধ্য হইতে মনোনীত কোন সদস্য ট্রাষ্টী বোর্ডের সভায় সভাপতিত্ব করিবেন।